16

দৈনিক খবর

তারিখ ১৯ JAN 1994
পৃষ্ঠা ৭ কলাম ৮

## কিন্ডার গার্টেনে পাঠ্য ভুলে ভরা ইংরেজী শিক্ষারবই

ঢাকা শহরে কিন্ডার গার্টেনের সংখ্যা অগণিত। পাঠ্যক্রমও একেকটিতে একেক রকম। সুনির্দিষ্ট নীতিমালা বহির্ভূতভাবে বিভিন্ন বিষয়ে ভিন্ন ভিন্ন লেখকের বই পড়ানো হয় ব্যক্তিমালিকানাধীন এ সমস্ত কিন্ডার গার্টেনে।

সম্প্রতি রোজভেলী কিন্ডার গার্টেন-এর তৃতীয় শ্রেণীর মেধাবী ছাত্র তারিক আবদুল্লাহ চৌধুরী এক লিখিত অভিযোগে জানিয়েছে, তার প্রতিষ্ঠানের পাঠ্য প্রফেসর আবদুর রহমান লিখিত ৩৮/৪, বাংলা বাজার জাহাঙ্গীর লাইব্রেরী পরিবেশিত ''ষ্টুডেন্ট ফাংশনাল ইংলিশ উইথ ওয়ার্ড বুক'' নামক ইংরেজী বইটিতে অসংখ্য ভুল রয়েছে।

বইটির ১৬ নম্বর পৃষ্ঠার পরে কোন পৃষ্ঠা নম্বর নেই। পৃষ্ঠা নম্বর ৩-এর পরে ৮৪, ৮৫ নম্বর শুরু হয়েছে। ৯৬ পৃষ্ঠার পর আবার ৩৬ থেকে ৯৬ পর্যন্ত রয়েছে এবং বইটিতে ১৭, ১৮-এর পরে ৩২ পাতা পর্যন্ত নেই।

উক্ত শিক্ষা প্রতিষ্ঠানের সুপারিশকৃত বইটি পড়ে কোমলমতি শিশুরা যে কতখানি বিড়ম্বনার শিকার তা বলার অবকাশ নেই। উল্লেখ্য, উক্ত তারিক আবদুল্লাহ চৌধুরী ৯৮/ নম্বর পেয়ে ২য় থেকে ৩য় শ্রেণীতে উন্নীত হয়। — প্রেস বিজ্ঞপ্তি।

SHEET — OF — SHEETS